

Official Spokesperson's response to media queries on social media post by Hyundai Pakistan on the so called Kashmir Solidarity Day

February 08, 2022

তথাকথিত কাশ্মীর সংহতি দিবস নিয়ে সোশ্যাল মিডিয়াতে হুন্ডাই পাকিস্তানের পোস্টের উপরে প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

ফেব্রুয়ারি 08, 2022

তথাকথিত কাশ্মীর সংহতি দিবস নিয়ে সোশ্যাল মিডিয়াতে হুন্ডাই পাকিস্তানের পোস্টের উপরে প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেন:

"আমরা তথাকথিত কাশ্মীর সংহতি দিবস নিয়ে সোশ্যাল মিডিয়াতে হুন্ডাই পাকিস্তানের পোস্টটি দেখেছি। সোশ্যাল মিডিয়াতে পোস্টটি করার সাথে সাথেই, 6ই ফেব্রুয়ারি 2022, রবিবার সিওলে আমাদের রাষ্ট্রদূত হুন্ডাই হেডকোয়ার্টারের সাথে যোগাযোগ করেন এবং ব্যাখ্যা চেয়ে পাঠান। অসম্মানজনক পোস্টটিকে সাথে সাথে সরিয়ে ফেলা হয়। গতকাল 7ই ফেব্রুয়ারি 2022 তারিখে বিদেশমন্ত্রক থেকে সিওলের রাষ্ট্রদূতকে ডেকে পাঠানো হয়। সোশ্যাল মিডিয়াতে হুন্ডাই পাকিস্তানের অগ্রহণযোগ্য পোস্টটি নিয়ে ভারত সরকারের তীব্র আসন্তোষ তাকে ব্যক্ত করা হয়। বিশেষভাবে উল্লেখ করা হয় যে এটি ভারতের আঞ্চলিক অখণ্ডতার প্রশ্ন, যার সাথে কোনোভাবেই সমঝোতা করা সম্ভব নয়। এই বিষয়টিকে যথাযথভাবে সমাধান করার লক্ষ্যে কোম্পানি সঠিক পদক্ষেপ গ্রহণ করার প্রতি আমরা আশা রাখি। কোরিয়া প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার ইউই-ইয়ং আজ সকালে বিদেশমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন। বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার সময় কোরিয়া প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী সোশ্যাল মিডিয়া পোস্টের কারণে ভারত সরকার ও তার জনগণ অসম্মানিত হবার জন্য দুঃখ প্রকাশ করেন।

হুন্ডাই মোটরস ভারতের জনগণের কাছে গভীর দুঃখ প্রকাশ করে একটি বিবৃতিও জারি করেছে যেখানে স্পষ্ট করে বলা হয়েছে যে এটিতে রাজনৈতিক বা ধর্মীয় নিয়ে কোনো মন্তব্য করা নেই।

ভারত বিভিন্ন সেক্টরে বিদেশী কোম্পানির বিনিয়োগকে স্বাগত জানায়। তবে, এটাও প্রত্যাশিত যে এই ধরনের কোম্পানি বা তাদের সহযোগী কোম্পানিগুলি ভারতের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতার বিষয়ে মিথ্যা এবং বিভ্রান্তিকর মন্তব্য থেকে বিরত থাকবে।"

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 08, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.